

🔳 আন-নামাল | An-Naml | ٱلنَّمْل

আয়াতঃ ২৭:২৮

া আরবি মূল আয়াত:

اِذْهَب بِّكِتْبِي هٰذَا فَالقِه اِلَيْهِم ثُمَّ تَوَلَّ عَنْهُم فَانْظُر مَا ذَا يَرجِعُونَ ﴿ ٢٨﴾

'তুমি আমার এ পত্র নিয়ে যাও। অতঃপর এটা তাদের কাছে নিক্ষেপ কর, তারপর তাদের কাছ থেকে সরে থাক এবং দেখ, তারা কী জবাব দেয়'? — আল-বায়ান

আমার এই পত্র নিয়ে যাও আর এটা তাদের কাছে অর্পণ কর। অতঃপর তাদের কাছ থেকে সরে পড় তারপর দেখ, তারা কী জবাব দেয়।' — তাইসিরুল

তুমি যাও আমার এই পত্র নিয়ে এবং এটা তাদের নিকট অর্পন কর; অতঃপর তাদের নিকট হতে দূরে সরে থেক এবং লক্ষ্ম কর তাদের প্রতিক্রিয়া কি? — মুজিবুর রহমান

Take this letter of mine and deliver it to them. Then leave them and see what [answer] they will return." — Sahih International

২৮. তুমি যাও আমার এ পত্র নিয়ে এবং এটা তাদের কাছে নিক্ষেপ কর: তারপর তাদের কাছ থেকে সরে থেকো(১) এবং লক্ষ্য করো তাদের প্রতিক্রিয়া কী?

(১) সুলাইমান আলাইহিস সালাম হুদহুদকে পত্রবাহকের দায়িত্ব দিয়েই ক্ষান্ত হননি বরং এ শিষ্টাচারও শিক্ষা দিলেন যে, সমাজ্ঞীর হাতে পত্র অর্পণ করে মাথার উপর সওয়ার হয়ে থাকবে না বরং সেখান থেকে কিছুটা সরে যাবে। এটাই রাজকীয় নিয়ম। এতে জানা গেল যে, সামাজিক শিষ্টাচার ও মানবিক চরিত্র সবার সাথেই কাম্য। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

- (২৮) তুমি আমার এ পত্র নিয়ে যাও এবং তাদের নিকট অর্পণ কর; অতঃপর তাদের নিকট হতে সরে পড় এবং দেখ, তারা কি উত্তর দেয়।'[1]
 - [1] অর্থাৎ, একদিকে সরে গিয়ে লুকিয়ে পড় এবং দেখ যে, তারা আপোসে কি কথাবার্তা বলে।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3187

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন